আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর পাশ দিয়ে গেলাম এমতাবস্থায় যে, আমার লুঙ্গি বেশ ঝুলে ছিল। তিনি বললেন, “হে আব্দুল্লাহ! লুঙ্গি উঠিয়ে পর।” অতএব আমি লুঙ্গি তুলে পরলাম। তিনি আবার বললেন, “আরো উঁচু কর।” আমি আরো উঁচু করলাম। এরপর বরাবর আমি এর খেয়াল রাখতে থাকলাম; যেন লুঙ্গি নীচে না নামে। কিছু লোক (আব্দুল্লাহকে) জিজ্ঞাসা করল, ‘কতদূর পর্যন্ত?’ তিনি উত্তরে বললেন, ‘অর্ধ গোছা পর্যন্ত।’

ইবনু উমার রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর পাশ দিয়ে গেলাম এমতাবস্থায় যে, আমার লুঙ্গি বেশ ঝুলে ছিল। তিনি বললেন, “হে আব্দুল্লাহ! লুঙ্গি উঠিয়ে পর।” অতএব আমি লুঙ্গি তুলে পরলাম। তিনি আবার বললেন, “আরো উঁচু কর।” আমি আরো উঁচু করলাম। এরপর বরাবর আমি এর খেয়াল রাখতে থাকলাম;
যেন লুঙ্গি নীচে না নামে। কিছু লোক (আব্দুল্লাহকে) জিজ্ঞাসা করল, ‘কতদূর পর্যন্ত?’
তিনি উত্তরে বললেন, ‘অর্ধ গোছা পর্যন্ত।’ [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেন, আমি রাসূলুল্লাহর পাশ দিয়ে অতিক্রম করছিলাম তখন আমার লুঙ্গি ঝুলে ছিল। তখন তিনি বললেন, হে আব্দুল্লাহ তুমি তোমার লুঙ্গি উঠাও। তখন আমি তা দুই টাখনু বরাবর বা তার কাছাকাছি উঠালাম। তারপর তিনি বললেন, একটু বেশি উঠাও। কারণ তা অধিক উত্তম এবং পবিত্র। আমি আরও বেশি উঠালাম এমনকি অর্ধ নলা পর্যন্ত। তারপর সুন্নাতের প্রতি গুরুত্বারোপ এবং অনুকরণ হিসেবে সর্বদা তাই করতাম। তখন কতক লোক বলল, উঠানোর নির্দেশ কোন পর্যন্ত গিয়ে শেষ হলো? তিনি বললেন, দুই নলার অর্ধ পর্যন্ত।

https://sunnah.global/hadeeth/bn/show/5458